# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ২৪/২০২১

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৭ / ২৫ মার্চ, ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে **‘সহকারী পরিচালক(পরিসংখ্যান)’** পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১। পদ সংখ্যা : ২৬(ছাব্বিশ) টি (কম/বেশী হতে পারে)।

০২। বেতন স্কেল : জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।

০৩। শিক্ষাগত যোগ্যতা :

ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি অথবা পরিসংখ্যান বা ফলিত পরিসংখ্যান বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান)/স্নাতকোত্তর ডিগ্রী।

খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে।

গ) **কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।**

ঘ) (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| **৫.০০ পয়েন্ট স্কেলে** | **সমতুল্য শ্রেণি/বিভাগ** |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(২) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| **অর্জিত সিজিপিএ** | | **সমতুল্য শ্রেণি/বিভাগ** |
|---|---|---|
| **৪.০০ পয়েন্ট স্কেলে** | **৫.০০ পয়েন্ট স্কেলে** | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

০৪। বয়স (২৫/০৩/২০২১ তারিখে) :

ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

০৫। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২২/০৪/২০২১ তারিখের মধ্যে শুধু বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। অনলাইনে আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী উপরে উল্লিখিত ওয়েবসাইটেই পাওয়া যাবে।

০৭। **ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।**

০৮। O’ Level এবং A’ Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

০৯। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। **অনলাইনে আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।**

১১। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৩। চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৪। আবেদনের সময় উল্লিখিত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

১৫। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৭। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৮। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
**(কাজী আকতারুল ইসলাম)**
মহাব্যবস্থাপক